"বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মরক নং-৪৭.৬১.০০০০.০০৪.১৮.১৬-২০১৯জি- ২৪১(১০)-৩/৬ তারিখঃ ০৩/০২/২০২০

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী 'মুজিব বর্ষ' উদযাপন উপলক্ষ্যে সমবায় অধিদপ্তর, ঢাকায় গঠিত কমিটির ২৩/০১/২০২০ তারিখের সভার প্রথম কার্যবিবরণী প্রেরণ।

সূত্র : সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৬.০৩৯.১৯জি-২৫(৬০) তারিখ- ২৫/০১/২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারক এ বর্ণিত কার্যবিবরণীর ছায়ালিপি এসংগে প্রেরণ করা হল। কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : বর্ণনামতে ০৭ পাতা।

০৩/০২/২০২০
উপ-নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা। *অধীনস্থ কার্যালয়ে কার্যবিবরণীর ছায়ালিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।*

২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ। *অধীনস্থ কার্যালয়ে কার্যবিবরণীর ছায়ালিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।*

৩। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সংশ্লিষ্ট নথি।

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন”

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী ‘মুজিব বর্ষ’ উদযাপন উপলক্ষে সমবায় অধিদপ্তর, ঢাকায় গঠিত কমিটির প্রথম সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মো: আসাদুজ্জামান
সভার স্থান : সমবায় অধিদপ্তর, রুম নম্বর-৮০২ সম্মেলন কক্ষ- পায়রা
সভার তারিখ : ২৩/০১/২০২০, সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
উপস্থিতি: পরিশিষ্ট - ‘ক’

অদ্যকার সভা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী ‘মুজিব বর্ষ’ উদযাপন উপলক্ষে সমবায় অধিদপ্তর, ঢাকায় গঠিত কমিটির সভাপতি জনাব মো: আসাদুজ্জামান, অতিরিক্ত নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর সভাপতিত্বে কমিটির প্রথম সভা শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে মুজিব বর্ষের আন্তরিক শুভেচ্ছা এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি কমিটির সদস্য সচিব জনাব মৃনাল কান্তি বিশ্বাস, যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করতে বলেন।

সভাপতির নির্দেশ মোতাবেক সদস্য সচিব জনাব মৃনাল কান্তি বিশ্বাস উপস্থিত সবাইকে মুজিব বর্ষের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা শুরু করেন। তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে মুজিব বর্ষ উপলক্ষ্যে প্রণীত সমন্বিত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। পরবর্তীতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রণীত সমন্বিত কর্ম পরিকল্পনার সাথে সমন্বয়পূর্বক সমবায় অধিদপ্তর কর্তৃক মুজিব বর্ষ পালন উপলক্ষে করণীয় নিয়ে সভায় নিম্নলিখিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

০১। বঙ্গবন্ধু’র জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে কর্মসূচি :

সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) উপ-নিবন্ধক (ফাইন্যান্স) সমবায় অধিদপ্তরের সামনে জন্ম শতবর্ষের মনোগ্রামসহ ডিজিটাল কাউন্টডাউন মনিটর স্থাপন করবেন।

খ) মার্চ মাস শুরুর পূর্বে প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার এবং ফেস্টুন দিয়ে সমবায় অধিদপ্তর সজ্জিত করতে হবে এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) ব্যবস্থা গ্রহণ করবেন।

গ) ১৬ মার্চ ২০২০ তারিখের মধ্যে সমবায় অধিদপ্তর, ঢাকাসহ সমবায় অধিদপ্তরের আওতাধীন সকল প্রতিষ্ঠানসমূহকে আলোকসজ্জা করতে হবে এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) ও উপ-নিবন্ধক (ফাইন্যান্স) ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) জাতীয় পতাকা উত্তোলন : ১৭ মার্চ ২০২০ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) ও উপ-নিবন্ধক (ফাইন্যান্স) ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ) ধানমন্ডি ৩২ নম্বরে সকাল ৮:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

চ) সমবায় অধিদপ্তরে নির্মিত জাতির পিতার ম্যুরালে সকাল ৯:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ছ) একই সময়ে শত প্রদীপ প্রজ্জলনের মাধ্যমে জাতির পিতার জন্ম শতবার্ষিকী উদযাপন কার্যক্রমের সাড়ম্বরে শুভ সূচনা করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

জ) জাতির পিতার জন্ম শতবার্ষিকী উদযাপন কার্যক্রমের সাড়ম্বরে শুভ সূচনা উপলক্ষে কেক কাটতে হবে। এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (ফাইন্যান্স) ব্যবস্থা গ্রহণ করবেন।

ঝ) জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা এবং দেশ ও জাতির উন্নতি কামনা করে দোয়া মাহফিল, মোনাজাত ও আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ঞ) সমবায় অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের শিশু সন্তান সন্ততিদের উপস্থিতিতে জাঁকজমকপূর্ণভাবে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

ট) চিত্রাংকন প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন করার জন্য নিম্নলিখিত কমিটি দায়িত্ব পালন করবেন :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব অঞ্জন কুমার সরকার | অতিরিক্ত নিবন্ধক | সভাপতি |
| ০২ | জনাব নূর এ জান্নাত | উপ নিবন্ধক | সদস্য |
| ০৩ | জনাব শাকিলা হক | উপ নিবন্ধক | সদস্য |
| ০৪ | জনাব খাদিজাতুল কোবরা | সহকারী নিবন্ধক | সদস্য |
| ০৫ | জনাব মো: জিল্লুর রহমান | উপ নিবন্ধক | সদস্য সচিব |

উপ-নিবন্ধক (প্রশাসন) এবং উপ-নিবন্ধক (ফাইন্যান্স) গৃহীত সকল সিদ্ধান্ত সকলের সাথে সমন্বয় করবেন।

০২। মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন :

সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) জাতীয় পতাকা উত্তোলন : ২৬ মার্চ ২০২০ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) ও উপ-নিবন্ধক (ফাইন্যান্স) ব্যবস্থা গ্রহণ করবেন।

খ) ধানমন্ডি ৩২ নম্বরে সকাল ৮:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

গ) সমবায় অধিদপ্তরে নির্মিত জাতির পিতার ম্যুরালে সকাল ৯:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ঘ) জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা এবং দেশ ও জাতির উন্নতি কামনা করে দোয়া মাহফিল, মোনাজাত ও আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ঙ) জাতির পিতার কর্ম, জীবন ও অবদানের যথাযথ প্রচারের জন্য সমবায় অধিদপ্তরের আওতাধীন শেরে বাংলা নগর ও আগারগাঁও এলাকার কমপক্ষে দশটি উচ্চ বিদ্যালয়ের নবম এবং দশম শ্রেণির কমপক্ষে দশজন করে ছাত্র ছাত্রীদের মধ্যে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোজনামচা' এর উপর কুইজ প্রতিযোগিতার আয়োজন করতে হবে। সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য নিম্নলিখিতভাবে কমিটি গঠন করা হয়:

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মৃনাল কান্তি বিশ্বাস | যুগ্ম-নিবন্ধক | সভাপতি |
| ০২ | ঢাকা মেট্রো থানা সমবায় কর্মকর্তা (সকল) | থানা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৩ | মো: জহিরুল হক | জেলা সমবায় কর্মকর্তা, ঢাকা। | সদস্য সচিব |

গঠিত কমিটি এ বিষয়ে যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করে মূল কমিটিকে সময়ে সময়ে অবহিত করবেন।

চ) কুইজের পুরস্কার বিতরণের সাথে সাথে বঙ্গবন্ধু ও স্বাধীনতার উপরে সমবায় অধিদপ্তরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ বিষয়ে প্রশাসন শাখা কমিটি গঠনসহ যাবতীয় দায়িত্ব পালন করবেন।

০৩। আন্তর্জাতিক সেমিনার- বিষয়ঃ বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক সমবায় :

সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক সমবায় এর উপর আন্তর্জাতিক সেমিনার উদযাপনের জন্য ০৪ জুলাই ২০২০ থেকে ০৬ জুলাই ২০২০ এই তিন দিন ধার্য করা হয়।

খ) ০৫ টি প্রতিষ্ঠান বা দেশের সমবায়ের উপর বিশেষজ্ঞ ১০ জন প্রতিনিধিকে এই সেমিনারে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে হবে।

গ) সমবায়ের উপর বিশেষজ্ঞ দেশের কয়েকজন প্রখ্যাত বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানাতে হবে।

ঘ) বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক সমবায় এর উপর আন্তর্জাতিক সেমিনার উপলক্ষে গঠিত মূল কমিটির প্রস্তুতিমূলক সভায় উপস্থাপনের জন্য খসড়া প্রস্তুত করতে হবে।

ঙ) সমবায় অধিদপ্তরে এই সেমিনারটি অনুষ্ঠিত হবে।

আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ, দেশীয় বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ এবং বঙ্গবন্ধুর সমবায় ভাবনা এবং আন্তর্জাতিক সমবায় এর উপর আন্তর্জাতিক সেমিনার উপলক্ষে গঠিত মূল কমিটির প্রস্তুতিমূলক সভায় উপস্থাপনের জন্য খসড়া প্রস্তুত করার জন্য নিম্নলিখিত দুইটি কমিটি গঠিত হয় :

দেশীয় বিশেষজ্ঞদের সাথে যোগাযোগকৃত কমিটি:

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আসাদুজ্জামান | অতিরিক্ত নিবন্ধক | সভাপতি |
| ০২ | জনাব মো: সাইফুল ইসলাম | এডিটর | সদস্য |
| ০৩ | জনাব মৃনাল কান্তি বিশ্বাস | যুগ্ম-নিবন্ধক | সদস্য সচিব |

আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ এবং মূল কমিটির প্রস্তুতিমূলক সভায় উপস্থাপনের জন্য খসড়া প্রস্তুত করার জন্য গঠিত কমিটি

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আসাদুজ্জামান | অতিরিক্ত নিবন্ধক | সভাপতি |
| ০২ | জনাব মো: মিজানুর রহমান | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা | সদস্য |
| ০৩ | জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন | উপ-নিবন্ধক | সদস্য |
| ০৪ | জনাব নূর মোহাম্মদ মামুন | উপ-নিবন্ধক | সদস্য |
| ০৫ | জনাব কাজী রাশেদুজ্জামান | উপ-নিবন্ধক | সদস্য সচিব |

০৪। জাতীয় শোক দিবস পালন :

সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) জাতীয় পতাকা অর্ধনমিতকরণ : ১৫ আগস্ট ২০২০ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং এ বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) ও উপ-নিবন্ধক (ফাইন্যান্স) ব্যবস্থা গ্রহণ করবেন।

খ) ধানমন্ডি ৩২ নম্বরে সকাল ৮:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

গ) সমবায় অধিদপ্তরে নির্মিত জাতির পিতার ম্যুরালে সকাল ৯:০০ ঘটিকায় সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ঘ) জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা এবং দেশ ও জাতির উন্নতি কামনা করে দোয়া মাহফিল, মোনাজাত ও আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা দায়িত্ব পালন করবেন।

ঙ) জাতির পিতার মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা।

০৫। বিবিধ : বিবিধ বিষয়ে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক) নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়কে সভায় গঠিত অত্র কমিটির উপদেষ্টা হিসেবে রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সকল পত্র ধারাবাহিকভাবে নথিতে সংরক্ষণ করতে হবে।

গ) অধিদপ্তর কর্তৃক গৃহীত সকল পদক্ষেপ ধারাবাহিকভাবে নথিতে সংরক্ষণ করতে হবে।

ঘ) মুজিব বর্ষ উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি সমবায় অধিদপ্তরের আওতায় সকল প্রতিষ্ঠানকে অবিলম্বে অবহিত করতে হবে।

ঙ) মুজিব বর্ষ উপলক্ষ্যে গঠিত বিভিন্ন কমিটির বুদ্ধিবৃত্তিক কাজের জন্য সমবায় উন্নয়ন তহবিল থেকে বিধিমোতাবেক সম্মানী প্রদান করতে হবে।

চ) সমবায় অধিদপ্তর কর্তৃক গঠিত মূল কমিটি এবং উপ-কমিটিকে সার্বিক সহযোগিতা করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে দায়িত্ব পালন করতে হবে :

(১) জনাব মো: আব্দুল কাইয়ূম - পরিদর্শক

(২) জনাব মো: নাজমুল হক- সরেজমিনে তদন্তকারী

(৩) জনাব বাবলা দাশগুপ্ত- উচ্চমান সহকারী

(৪) জনাব মো: জিয়াউল হক চৌধুরী- টেবুলেটর

(৫) জনাব পংকজ কুমার মন্ডল- উচ্চমান সহকারী।

ছ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রণীত কর্ম পরিকল্পনার বাকী অংশ বিষয়ে কমিটির পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

জ) সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গৃহীত কর্ম পরিকল্পনা বিষয়ে উপ-নিবন্ধক (প্রশাসন) বিভাগ, জেলা, উপজেলা, একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহকে পত্র দিয়ে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/: মো: আসাদুজ্জামান<br>
অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)<br>
ও<br>
সভাপতি<br>
মুজিব বর্ষ উদযাপন কমিটি<br>
সমবায় অধিদপ্তর, ঢাকা।

তারিখ :২৫/০১/২০২০খ্রি:

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.০৬.০৩৯.১৯.জি-১৫ (৮০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা।
০৩। অতিরিক্ত নিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্ম-নিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় (সকল)
০৬। উপ-নিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। জেলা সমবায় কর্মকর্তা, ঢাকা।
০৮। জনাব ............................ অতিরিক্ত নিবন্ধক/যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক/এডিটর/মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা/পরিদর্শক/সরেজমিনে তদন্তকারী/ উচ্চমান সহকারী/ টেবুলেটর.............................।
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

২৫।০১।২০২০

মৃনাল কান্তি বিশ্বাস
যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)
ও
সদস্য সচিব
মুজিব বর্ষ উদযাপন কমিটি
সমবায় অধিদপ্তর, ঢাকা।